



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখঃ ১৬.১০.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়ঃ ১। গাজীপুর সদরের বিকেবাড়ী এলাকার সিকদার মার্কেট সংলগ্ন সড়কের পাশে ওয়ারড্রোবে গার্মেন্টস নারী কর্মীর হাত-পা বাঁধা অবস্থায় লাশ ২। ঢাকার কেরানীগঞ্জ মডেল থানাধীন কদমতলী মডেল টাউন এলাকায় স্কুল শিক্ষিকার লাশ এবং ৩। চট্টগ্রাম মহানগরের পতেঙ্গায় অজ্ঞাত নারীর লাশ একইদিনে দেশের বিভিন্ন স্থানে তিন জন নারীকে নৃশংস ও বর্বরভাবে হত্যা ও নির্যাতনের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে জড়িতদের শনাক্তকরণপূর্বক দ্রুত গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ১৬ অক্টোবর, ২০২২ তারিখ বিভিন্ন পত্রিকার প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে-

১। গাজীপুর সদরের বিকেবাড়ী এলাকার সিকদার মার্কেট সংলগ্ন সড়কের পাশে ওয়ারড্রোবে গার্মেন্টস নারী কর্মীর হাত-পা বাঁধা লাশ উদ্ধার করার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, নিহত সাবিনা খাতুন গাজীপুর মহানগরের বাসন থানার নাওজোরে ভাড়া বাসায় একা থাকতেন। তিনি স্থানীয় গার্মেন্টে চাকরি করতেন। গত ১৪ অক্টোবর, ২০২২ তারিখ গাজীপুর সদরের বিকেবাড়ী এলাকার সিকদার মার্কেট সংলগ্ন সড়কের পাশে প্লাইউডের তৈরি নতুন একটি ওয়ারড্রোব পড়ে থাকতে দেখেন এলাকাবাসী। তাদের সন্দেহ হলে তারা থানায় খবর দেন। থানার পুলিশ এসে ওয়ারড্রোবের ভিতর থেকে ওড়না ও গামছা দিয়ে হাত-পা বাঁধা গার্মেন্টসকর্মী সাবিনার লাশ উদ্ধার করে।

২। ঢাকার কেরানীগঞ্জ মডেল থানাধীন কদমতলী মডেল টাউন এলাকায় স্কুল শিক্ষিকার লাশ উদ্ধার করার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, নিহত স্কুল শিক্ষিকা চঞ্চলা রাজবাড়ীর বালিয়াকান্দির মাশালিয়া গ্রামের সুবোল বিশ্বাসের মেয়ে ও কেরানীগঞ্জের কদমতলী মডেল টাউন এলাকার টাইমস কিডারগার্ডেন স্কুলের শিক্ষিকা ছিলেন। তার স্বামী বিপ্লব সমাদ্দার ওষুধ ব্যবসায়ী ছিলেন। গত ১৫ অক্টোবর, ২০২২ তারিখ কেরানীগঞ্জ মডেল থানার কদমতলী মডেল টাউন এলাকার বেপারী ভিলার অষ্টম তলার ফ্ল্যাটের দরজার তালা ভেঙে সন্ধ্যায় লাশটি উদ্ধার করা হয়েছে। বিপ্লব লাশের কাপড় চিরকুট লিখে সেখানে থেকে পালিয়ে যায়।

৩। চট্টগ্রাম মহানগরের পতেঙ্গা আজিজ খান রোডের পাশে প্লাস্টিকের ড্রামের ভেতর থেকে অজ্ঞাত এক নারীর মরদেহ উদ্ধার করার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, ১৩ অক্টোবর, ২০২২ তারিখ আত্রাবাদ সিডিএ আবাসিক এলাকার ৯ নম্বর সড়কের মহেশখালের পাড় থেকে নীল রঙের ড্রামের ভিতর থেকে অজ্ঞাত এক নারীর মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহত নারীর মরদেহটি বিকৃত এবং পরণে খয়েরি কালারের ত্রিপিচ পড়া অবস্থায় ছিল।

দেশের বিভিন্ন স্থানে তিন জন নারীকে নৃশংস ও বর্বরভাবে নির্যাতন করে হত্যার ঘটনাসমূহে আমরা খুবই উদ্ভিগ্ন। সংঘটিত এসব ঘটনা নারীদের স্বাভাবিক জীবনযাপন ও তাদের নিরাপত্তা পরিস্থিতিকে নাজুক করে তুলেছে এবং দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতিকে প্রশ্নবিদ্ধ করেছে। বাংলাদেশ মহিলা পরিষদ সারাদেশে সংঘটিত নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ব্যক্তি ও নাগরিক সমাজকে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে। সেই সাথে উপরোল্লিখিত ঘটনাসমূহের সাথে জড়িতদের শনাক্তকরণপূর্বক দ্রুত গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তি নিশ্চিতকরণের দাবি জানাচ্ছে। এ ধরনের ঘটনা পুনরাবৃত্তিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও সংশ্লিষ্ট প্রশাসনের নিকট অনুরোধ জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ